ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০-০৩-৯৯ইং তারিখের সভার কার্যবিবরণী।
==========================================

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ১০-০৩-৯৯ইং তারিখ বেলা ১১-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার আহমেদ আলী<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | অনুপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি), পিএসসি<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| ৩। | উইং কমান্ডার এস এম কলিম উল্যাহ<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ মিজানুর রহমান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খাঁন<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | অনুপস্থিত |
| ৬। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, জোয়ারসাহারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| ৭। | জনাব মোঃ জহিরুল হক<br>সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা । | - সদস্য - | অনুপস্থিত |

উপরোল্লিখিত বোর্ড সদস্যগণ ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তাদ্বয় বোর্ড সভায় উপস্থিত ছিলেন :-

(১) লেঃ কর্ণেল নুরুল হক, পিএসসি (অবঃ)
৪৯৭, মহাখালী ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(২) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস ।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

প্রস্তাব নং-১ঃ বিগত ০৭-০১-৯৯ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ০৭-০১-৯৯ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা গেল ।

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর'৯৮ ও ডিসেম্বর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া ।

২য় পৃঃ দ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর'৯৮ ও ডিসেম্বর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৩ঃ নভেম্বর'৯৮, ডিসেম্বর'৯৮ ও জানুয়ারি'৯৯ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ নভেম্বর'৯৮, ডিসেম্বর'৯৮ ও জানুয়ারি'৯৯ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসের ০৭-০৩-৯৯ইং তারিখের এস এইচ ৩/৫ নং পত্রের উপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ঢাকা সেনানিবাসের মশক নিধন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে উক্ত অর্গানাইজেশনকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা অনুদান বরাদ্দের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন ১৯৯৪ সংশোধনের আবশ্যকল্পে খসড়া সংশোধনী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রাক-প্রকাশনা জারী করা হয় যাহা এস আর ও নং-২৩৮-আইন/৯৮ নং প্রজ্ঞাপন মারফত ২৬-১১-৯৮ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। উক্ত খসড়া ঢাকা সেনানিবাসের আওতাধীন এলাকার যে সমস্ত প্লট এয়ার ফানেলের আওতায় পড়িবে সে সমস্ত প্লটে ৫০ (পঞ্চাশ) ফুটের অধিক উচ্চতায় পাঁচ তলার বেশী কোন ভবন নির্মাণ করা যাইবে না বলিয়া উল্লেখ রহিয়াছে। এই ব্যাপারে কয়েকজন কর্মকর্তা ৫০' ফুট উচ্চতার বাড়ী নির্মাণের বিষয়টি আপত্তি উত্থাপন করেন। উক্ত প্লটসমূহে ৫০' ফুটের স্থলে ৬০' ফুট উচ্চতায় (ছয় তলা) ইমারত নির্মাণের অনুমতি প্রদানের বিষয়টি পুনঃবিবেচনার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন জানান। ইহার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিকট মতামত চাহিয়া পত্র প্রেরণ করা হয়। অতঃপর বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ১৭-০২-৯৯ইং তারিখে সিএএবি/১৫০১/২১/এ টি এস (অংশ-১/৭৭ নং পত্রে এয়ার ফানেলের আওতাভুক্ত প্লটসমূহে ৫০' ফুটের স্থলে ৬০' ফুট (ছয় তলা) উচ্চতায় ইমারত নির্মাণের উচ্চতাসীমা পুনঃনির্ধারণ করেন। উক্ত প্রেক্ষিতে ঢাকা সেনানিবাস ইমারত নির্মাণ উপ-আইন ১৯৯৪ সংশোধনের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আপত্তি পত্রসমূহ ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ১৭-০২-৯৯ইং তারিখের সিএএবি/১৫০১/২১/এ টি এস (অংশ-১)/৭৭ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এয়ার ফানেলভুক্ত এলাকার সংশ্লিষ্ট প্লটসমূহে ইমারত নির্মাণের উচ্চতা ৫০' ফুটের স্থলে ৬০' ফুট পুনঃনির্ধারণ করাসহ ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এর সংশোধিত খসড়া প্রজ্ঞাপন আকারে চূড়ান্ত প্রকাশনার নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৫ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারের জন্য যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সরবরাহের নিমিত্তে গত ০২-০১-৯৯ইং তারিখে দৈনিক সংবাদে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গত ১৪-০১-৯৯ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে বেঙ্গল এন্টারপ্রাইজ, ১৮ হাটখোলা রোড, ঢাকা-১২০৩ কর্তৃক দাখিলকৃত ৩,৯৬,২০৫·০০ (তিন লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত পাঁচ)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ। দরপত্রসমূহ সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারের জন্য যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সরবরাহের নিমিত্তে বেঙ্গল এন্টারপ্রাইজ, ১৮ হাটখোলা রোড, ঢাকা-১২০৩ কর্তৃক দাখিলকৃত ৩,৯৬,২০৫/-(তিন লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত পাঁচ)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল । চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক । আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, কার্যাদেশ প্রদানের পর উল্লেখিত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি

সংশ্লিষ্ট মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক একটি পর্ষদের মাধ্যমে গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে প্রধান শিক্ষক একটি সনদপত্র বোর্ডে প্রদান করিবেন এবং তাহা পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে ।

প্রস্তাব নং-৬ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে গত ০৪-০২-৯৯ইং তারিখে দৈনিক জনকন্ঠে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ১৫-০২-৯৯ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট ০৬(ছয়)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে বেঙ্গল এন্টারপ্রাইজ,১৮ হাটখোলা রোড,ঢাকা-১২০৩ কর্তৃক দাখিলকৃত ২৮,৯৯,০০০'০০ (আটাইশ লক্ষ নিরানব্বই হাজার)টাকার সর্বনিম্ন দরপত্রের উপর আলোচনা ও অনুমোদনকরণ। দরপত্রসমূহ সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে বেঙ্গল এন্টারপ্রাইজ,১৮ হাটখোলা রোড,ঢাকা-১২০৩ কর্তৃক দাখিলকৃত ২৮,৯৯,০০০'০০(আটাইশ লক্ষ নিরানব্বই হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে,কার্যাদেশ প্রদানের পর স্পেসিফিকেশন/সিডিউল মোতাবেক যন্ত্রপাতিসমূহ সিডিউল প্রনয়ন কমিটি কর্তৃক যথাযথভাবে বুঝিয়া নিতে হইবে এবং এই মর্মে হাসপাতাল কর্তৃপক্ষ যথাযত যন্ত্রপাতি গ্রহণের পর একটি সনদপত্র বোর্ডে দাখিল করিবেন এবং তাহা বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে ।

প্রস্তাব নং-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ে প্রভাতি ও দিবা দুইটি শিফট চালু আছে। বর্তমানে উক্ত বিদ্যালয়ে মাত্র একজন ঝাড়ুদার নিয়োজিত আছে। একজন ঝাড়ুদার দ্বারা নিয়মিতভাবে বিদ্যালয় ভবনসহ আশেপাশের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা সম্ভব হইতেছে না। উক্ত প্রেক্ষিতে প্রধান শিক্ষকের ০৭-০২-৯৯ইং তারিখের সেপঃএইচএস/সিইও/৩/৮৩ নং পত্র মোতাবেক বিদ্যালয় ভবনের পরিস্কার-পরিচ্ছন্ন রাখার স্বার্থে ১৫০০-৫০X১৮-২৪০০ টাকা বেতনক্রমে একজন ঝাড়ুদার পদ সৃষ্টির বিষয়ে আলোচনা সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ে ১৫০০-৫০X১৮-২৪০০ টাকা বেতন স্কেলে একটি ঝাড়ুদার পদ সৃষ্টির প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-৮ঃ ঢাকা সেনানিবাস সংলগ্ন মাটি কাটা জামে মসজিদের দ্বিতীয় তলা নির্মাণের নিমিত্তে ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা আর্থিক অনুদান বরাদ্দের জন্য উক্ত মসজিদের সেক্রেটারীর ২৬-০১-৯৯ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাস সংলগ্ন মাটি কাটা জামে মসজিদের দ্বিতীয় তলা নির্মাণের নিমিত্তে ১,০০,০০০'০০(এক লক্ষ) টাকা আর্থিক সাহায্য প্রদানের প্রস্তাব সুপারিশসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল ।

৪র্থ পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৯ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রাক্তন উপ-পরিচালক সৈয়দ হাফিজ আহমেদ কর্তৃক ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল হইতে ২৬,৭২৪/-(ছাব্বিশ হাজার সাতশত চব্বিশ)টাকার ঔষধ গ্রহণের ব্যাপারে অডিট আপত্তি উত্থাপিত হইয়াছে। উক্ত অডিট আপত্তির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রাক্তন উপ-পরিচালক সৈয়দ হাফিজ আহমেদ কর্তৃক ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল হইতে ২৬,৭২৪/-(ছাব্বিশ হাজার সাতশত চব্বিশ) টাকার ঔষধ গ্রহণের ব্যাপারে অডিট আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে আদায়পূর্বক বোর্ড ফান্ডে জমা দিতে হইবে। এই বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হউক।

প্রস্তাব নং-১০ঃ ১৯৯৭-৯৮ আর্থিক সালের অত্র বোর্ডের হিসাব নিরীক্ষাকালীন সময়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রাক্তন উপ-পরিচালক সৈয়দ হাফিজ আহমেদ কর্তৃক অনিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গাড়ী ব্যবহার করিয়া ৪৩,১১৫.৭৫ (তেতাল্লিশ হাজার একশত পনর টাকা পঁচাত্তর পয়সা)টাকার জ্বালানী ব্যয় করার ব্যাপারে নিরীক্ষা ১০ নম্বর আপত্তি উত্থাপন করিয়াছেন। অডিট আপত্তির কপি উপস্থাপন করা হইল। উক্ত অডিট আপত্তির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রাক্তন উপ-পরিচালক সৈয়দ হাফিজ আহমেদ কর্তৃক অনিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গাড়ী ব্যবহার করায় অডিট আপত্তিকৃত ৪৩,১১৫.৭৫(তেতাল্লিশ হাজার একশত পনর টাকা পঁচাত্তর পয়সা)টাকা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে আদায়পূর্বক বোর্ড ফান্ডে জমা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হউক।

প্রস্তাব নং-১১ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্যান্টিন বরাদ্দের জন্য জনাব মোঃ সামছুদ্দিন ৬৮৯ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস গত ১০-০২-৯৯ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করিয়াছেন। উক্ত আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে ক্যান্টিন বরাদ্দের আবেদন আপাততঃ বিবেচনা করা গেল না। আবেদনকারীকে বিষয়টি জানাইয়া দেওয়া হউক।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন ০১-০৩-৯৯ হইতে ৩০-০৬-২০০০ পর্যন্ত সময়ের ইজারার নিমিত্তে ২৩-০২-৯৯ইং তারিখে প্রাপ্ত ৪(চার)টি দরপত্রের মধ্যে সর্বোচ্চ (মাসিক ভাড়া) দরদাতা জনাব আনছারুল হক ফারুকীর ২,৫০০/-(দুই হাজার পাঁচশত)টাকার দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি ও দরদাতাদের কাগজপত্রসহ উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ কার্যক্রমটি যেহেতু পূর্ব হইতে প্রচলিত ছিল সেহেতু ক্যান্টনমেন্ট বোর্ডের ক্যান্টিন ইজারা বিজ্ঞপ্তি মোতাবেক ২৩-০২-৯৯ইং তারিখে জনাব আনছারুল হক ফারুকী কর্তৃক প্রদত্ত ২,৫০০/- (দুই হাজার পাঁচশত)টাকার সর্বোচ্চ দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

৫ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকানের জন্য জায়গা বরাদ্দকরণের ব্যাপারে তালিকাসহ প্রাপ্ত আবেদনপত্রসমূহ সিদ্ধান্তের নিমিত্তে উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান/দোকানের জায়গা বরাদ্দের নিমিত্তে উপস্থাপিত আবেদনপত্রসমূহের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় যে,উক্ত মার্কেটে বর্তমানে কোন খালি দোকান নাই এবং উক্ত মার্কেটের উন্নয়ন পরিকল্পনা বর্তমানে উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে বিধায় উক্ত মার্কেটে এখন খালি জায়গা বরাদ্দ দেওয়া হইবে না।ভবিষ্যতে নতুন দোকান নির্মাণ করা হইলে প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরবর্তীতে বোর্ড সভায় বিবেচনার জন্য পেশ করা হউক।আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রাক্তন কোন সামরিক বাহিনীর সদস্য কোন দোকানের পজেশন বিক্রি করার ইচ্ছা পোষণ করিলে তাহা শুধুমাত্র অন্য অবসর প্রাপ্ত সামরিক বাহিনীর লোক কর্তৃক ক্রয় করিতে পারিবেন।কোনক্রমে বেসামরিক ব্যক্তিবর্গের নিকট বিক্রি করা যাইবে না।

প্রস্তাব নং-১৪ঃ দীর্ঘ সময়ের বকেয়া গৃহকর আদায়ের লক্ষ্যে কচুক্ষেত এলাকার ১০(দশ) জন বাড়ীর মালিক/ দখলকারের বিরুদ্ধে মানিস্যুট মোকদ্দমা দায়েরের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে উক্ত ১০(দশ) জনের তালিকা উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ কচুক্ষেত এলাকার দীর্ঘদিনের বকেয়া গৃহকর আদায়ের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় যে,দুই বৎসরের অধিক সময়ের বকেয়া গৃহকর আদায়ের লক্ষে ৩০(ত্রিশ) দিনের সময় দিয়া কর পরিশোধের জন্য চূড়ান্ত নোটিশ প্রদান করা হউক।নির্ধারিত সময়ের মধ্যে কেহ কর পরিশোধে ব্যর্থ হইলে বকেয়া রাজস্ব আদায়কল্পে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হউক ।

প্রস্তাব নং-১৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদ্বয়ের বেতন প্রদান সম্ভব হইতেছে না বিধায় ক্যান্টনমেন্ট বোর্ড তহবিল হইতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকা (ফেরতযোগ্য) ঋণ প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি বিবেচনা করা গেল না ।

প্রস্তাব নং-১৬ঃ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে রজনীগন্ধা সুপার মার্কেটের একটি টয়লেট ভাঙ্গিয়া ফেলারকারণে ইজারা গ্রহীতার ক্ষতিপূরণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে ইজারা গ্রহীতার আবেদনপত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর-পশ্চিম প্রান্তের একটি অস্থায়ী টয়লেট 'স্বাধীনতা চত্বর' নির্মাণকল্পে গত ২৭-০১-৯৯ইং তারিখে ভাঙ্গিয়া ফেলায় ইজারা গ্রহীতার ক্ষতিপূরণের বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত টয়লেট ইজারা গ্রহীতাকে ক্ষতিপূরণ বাবদ ৬৫,০০০/-(পঁয়ষট্টি হাজার)টাকা ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত অর্থ ইজারা গ্রহীতাকর্তৃক বোর্ডকে প্রদেয় ২,৯৮,৭০০/-(দুই লক্ষ আটানব্বই হাজার সাতশত)টাকার ইজারা অর্থের সহিত সমন্বয় করিতে হইবে ।

প্রস্তাব নং-১৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের সি/২২৪ ও সি/২২৫ নং দোকানের উপর মিসেস ফিরোজা বেগম এর ১৬-০২-৯৯ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তরের ১৮-০২-৯৯ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্রসহ সংশ্লিষ্ট নথি পেশ করা হইল ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৮-০২-৯৯ইং তারিখের ৬১১/৪/এ নং পত্রের সহিত প্রাপ্ত বেগম ফিরোজা বেগম কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটের ব্যবসায়ী জনাব এ কে এম মিজানুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এই মর্মে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হইল যে, সি/২২৪ নং দোকানটি আপাততঃ বন্ধ করিয়া বোর্ডের নিয়ন্ত্রণে আনা হউক। পরবর্তীতে সংশ্লিষ্ট পক্ষগণের নিকট হইতে আনুসংগিক কাগজপত্র ও স্বাক্ষ্য প্রমাণ গ্রহণপূর্বক দোকানটির সঠিক মালিকানা নিরুপনের চূড়ান্ত সিদ্ধান্তের জন্য বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে।

প্রস্তাব নং-১৮ঃ সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ০১-০৩-৯৯ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্র সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক জনাব মোঃ ওয়াসে এর ০১-০৩-৯৯ইং তারিখের আবেদনপত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সরকারী কাজের সুবিধার্থে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ নং বাসস্থানটি জনাব মোঃ ওয়াসে এর নামে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বাসাটি বুঝাইয়া দেওয়ার তারিখ হইতে উক্ত কর্মকর্তার নিকট হইতে সরকারী বিধি মোতাবেক বাড়ী ভাড়া আদায় করিতে হইবে। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, বোর্ড সভার ০৮-১০-৯৮ইং তারিখের ৭ নং সিদ্ধান্তমূলে উক্ত বাসায় বর্তমানে অবস্থানরত বেগম এস এ এস তাহুরা (প্রাক্তন ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার মরহুম এম এ হাসেমের স্ত্রী) এর নামে আগামী ৩১-০৮-২০০০ তারিখ পর্যন্ত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং ভবনের চতুর্থ তলার উত্তর দিকের বাসস্থানটি পূর্ব নির্ধারিত ভাড়ায় বরাদ্দ প্রদান করা হউক। সংশ্লিষ্ট বিষয়ে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

প্রস্তাব নং-১৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১১০ নং দোকানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১১০ নং দোকানের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনাকালে সেনাসদরের ০৩-০৩-৯৯ইং তারিখের ৩৯০১/৪/ঢাকা/ইউ/এমকিউ-২ নং পত্রের উপরও আলোচনা করা হয়। কিন্তু উক্ত দোকানের ব্যাপারে বোর্ডের গত ৩০-০৭-৯৮ইং তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/এ-১১০/৫২ নং এবং সেনাসদরের ১৬-১০-৯৮ইং তারিখের ৩৯১৭/১/এমএলএন্ডসি/এমকিউ-২ নং পত্রের উপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহা বোর্ড অবগত নহে। সংশ্লিষ্ট বিষয়ে চলমান মামলার কারণে দোতলার সিঁড়ি নির্মাণ কাজ বর্তমানে স্থগিত হইয়া রহিয়াছে। ফলে মার্কেটের ক্রেতা সাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি হওয়াসহ সংশ্লিষ্ট ব্যবসায়ীগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হইতেছে। সেনাসদরের আলোচ্য পত্রের প্রেক্ষিতে উক্ত সমস্যা সমাধানকল্পে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক হইয়া পড়িয়াছে। এমতাবস্থায়, সরকারী দায়িত্বে থাকিয়া প্রতারণামূলক কাজ করার জন্য বোর্ড সভার গত ০২-০৭-৯৮ইং তারিখের ১২ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন রেভিনিউ অফিসার ও বর্তমানে গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী সচিব হিসাবে কর্মরত জনাব মোঃ মোস্তফা ভূঁইয়ার বিরুদ্ধে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা নেওয়ার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে পুনরায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হইল। তাহাছাড়া উক্ত বিষয়ে চলমান মামলাটি যথাশীঘ্র নিষ্পত্তিকল্পে বোর্ডের আইন উপদেষ্টার মাধ্যমে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হউক।

৭ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২০ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ওয়েষ্টার্ণ রোর্ড কার্পেটিংকরণ ও লেনসমূহ পুনঃসলিং করণের জন্য পুরাতন রাস্তা হইতে প্রাপ্ত ইটা পুনঃনির্ধারণ করার ব্যাপারে রেজা কনষ্ট্রাকশন লিঃ এর ১০-০১-৯১ইং তারিখের আবেদনপত্রটির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ওয়েষ্টার্ণ রোড কার্পেটিংকরণ ও লেনসমূহ পুনঃসলিংকরণ কাজে নিয়োজিত ঠিকাদার রেজা কনষ্ট্রাকশন লিঃ এর ১০-০১-৯১ইং তারিখের আবেদনপত্র ও ডিওএইচএস এসোসিয়েশন কর্তৃক গঠিত কাজ তদারকী কমিটির ০৯-০৩-৯১ইং তারিখের প্রতিবেদনের বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বর্ণিত রাস্তাসমূহ বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ায় ও রাস্তার অনেকাংশে ইটা না থাকায় এবং রাস্তার উপর রড পিটানোর ফলে উক্ত পুরাতন রাস্তা হইতে কাজে ব্যবহারের উপযোগী ৭০% (সত্তর) ইটা পাওয়া যাইতেছে বিধায় ৭০%(সত্তর) ইটা প্রাপ্তিসহ উক্ত ৭০%(সত্তর) ইটা সংশ্লিষ্ট ঠিকাদারের নামে বরাদ্দ করিয়া ইহার মূল্য বিল হইতে কর্তন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বাণিজ্যিক ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেটর স্থাপনের নিমিত্তে উক্ত মার্কেটের বি/২৫ নং দোকানের মালিক জনাব মোঃ শাহ কাওসারের ০৭-০১-৯১ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে আপাততঃ বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটের ৫ম তলায় ২টি ফ্লাট নির্মাণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-০২-৯১ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৫৪/২২ নং পত্রের মাধ্যমে প্লটের চতুর্থ তলার জন্য অনুমোদিত ১০,৭৬,৩২২/-(দশ লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত বাইশ)টাকার সহিত ৫ম তলার আরও দুইটি ফ্লাট নির্মাণের জন্য ১২,৫৪,৩৭৭/-(বার লক্ষ চুয়ান্ন হাজার তিনশত সাতাত্তর)টাকাসহ সর্বমোট ২৩,৩০,৬৯৯/-(তেইশ লক্ষ ত্রিশ হাজার ছয়শত নিরানব্বই)টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন পাওয়া গিয়াছে। সংশোধিত ২৩,৩০,৬৯৯/-(তেইশ লক্ষ ত্রিশ হাজার ছয়শত নিরানব্বই)টাকার অনুমোদিত মূল্যানুমান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটের ৫ম তলায় জরুরী ভিত্তিতে ২টি ফ্লাট নির্মাণকল্পে উক্ত ভবনের ৪র্থ তলায় ২টি ফ্লাটের নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস তাহার বর্তমান দরে (২৫%) উর্দ্ধহারে ৫ম তলায় অনুরূপ দুইটি ফ্লাট নির্মাণ করিতে সম্মত থাকিলে তাহাকে কার্যাদেশ প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২৩ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৪ এর পেভমেন্ট প্রশস্তকরণসহ ড্রেন মেরামতকরণের নিমিত্তে ১,৬৫,৩৫৬/-(এক লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত ছাপান্ন)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ এতদ্বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মেজর সুলতান আহমেদ (অবঃ) এর ০৩-০৩-৯১ইং তারিখের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হয় এবং বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৪ এর পেভমেন্ট প্রশস্তকরণ এবং ড্রেন মেরামতসহ বাস্তব অবস্থার প্রেক্ষিতে কার্পেটিং কাজ করারও প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয়। সেমতে ১,৬৫,৩৫৬/-(এক লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত ছাপান্ন)টাকার প্রস্তুতকৃত মূল্যানুমানের পরিবর্তে কার্পেটিং কাজসহ সর্বমোট ৩,৫০,৬৫৮/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত আটান্ন) টাকা মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

৮ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর দক্ষিণ-পশ্চিম কোণায় ক্যান্টনমেন্ট বোর্ডের ৪টি ফ্ল্যাট নির্মাণকরণ । | = | ২০,০৮,৯৩৯'০০(বিশ লক্ষ আট হাজার নয়শত উনচল্লিশ)টাকা |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার সেন্ট্রাল রোড মেরামত ও ড্রেন নির্মাণকরণ । | = | ৮,৭৯,৮৯১'০০(আট লক্ষ উনআশি হাজার আটশত একানব্বই)টাকা |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের মাথায় অবৈধ প্রবেশ বন্ধের জন্য দেওয়াল নির্মাণকরণ । | = | ৭৯,৩৫৮'০০(উনআশি হাজার তিনশত আটান্ন)টাকা |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-১০ এর বাড়ী নং-৪৯/সি এবং ৯৭/সি এর সম্মুখে কালভার্ট ও লিংক রোড নির্মাণকরণ । | = | ২,৮২,৬৪৫'০০(দুই লক্ষ বিরাশি হাজার ছয়শত পঁয়তাল্লিশ)টাকা |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-২/এ,৪ এবং মাজির রোডের মাথায় অবৈধ প্রবেশ বন্ধ করার জন্য কাঁটা তারের বেড়া ও অন্যান্য মেরামতকরণ । | = | ২৪,০৬৬'০০(চব্বিশ হাজার ছেষট্টি)টাকা |
| (৬) | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল ভবনের রক্ষণাবেক্ষন ও মেরামতকরণ । | = | ৮০,০০০'০০(আশি হাজার)টাকা |
| (৭) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর স্কুল ভবনের রক্ষণাবেক্ষন ও মেরামতকরণ । | = | ৪০,০০০'০০(চল্লিশ হাজার)টাকা |
| (৮) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের নীচতলার আসবাবপত্র তৈয়ারীকরণ । | = | ৬,০৯,১৯৬'০০(ছয় লক্ষ নয় হাজার একশত ছিয়ানব্বই)টাকা |
| (৯) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের প্লটসমূহের সীমানা পিলার তৈরীকরণ । | = | ২৩,৮৭৭'০০(তেইশ হাজার আটশত সাতাত্তর)টাকা |
| (১০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-তে(১X৪X৪)=১৬টি বাসা রক্ষণাবেক্ষন ও মেরামতকরণ। | = | ২,৬৯,৪৭৬'০০(দুই লক্ষ উনসত্তর হাজার চারশত ছিয়াত্তর)টাকা |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-তে (১X২X৪)=৮টি বাসা মেরামত ও রক্ষনাবেক্ষনকরণ। | = | ৭২,৩৫০'০০(বাহাত্তর হাজার তিনশত পঞ্চাশ )টাকা |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮ এর (১X২X৩)=৬টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ৭৫,৮২৫'০০(পঁচাত্তর হাজার আটশত পঁচিশ)টাকা |
| (১৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার সেন্ট্রাল রোড সংলগ্ন মোট ৮টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ১,৪৪,২৫০'০০(এক লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত পঞ্চাশ)টাকা |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ভবন নং-৭ এবং রোড নং-৭ এর ১১টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ১,৪৯,৭৭৫'০০(এক লক্ষ উনপঞ্চাশ হাজার সাতশত পঁচাত্তর)টাকা। |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৪/এ এর ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত মোট ৯টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ১,৫১,৫৩৫'০০(এক লক্ষ একান্ন হাজার পাঁচশত পঁয়ত্রিশ)টাকা |
| (১৬) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবন ও তৎসংলগ্ন কোয়ার্টারসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ১,৫০,০৩৩'০০(এক লক্ষ পঞ্চাশ হাজার তেত্রিশ)টাকা |
| (১৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৫/এ-তে ৪টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | = | ১,০৯,৭৫০'০০(এক লক্ষ নয় হাজার সাতশত পঞ্চাশ)টাকা |
| (১৮) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবন রক্ষণাবেক্ষন ও মেরামতকরণ | = | ১,৪৫,৩৫০'০০(এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত পঞ্চাশ)টাকা। |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী |
|---|---|---|
| (১৯) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ১৬ ফ্লাট বিশিষ্ট স্টাফ কোয়ার্টার নির্মাণকরণ । = | ৪২,২৫,৪৩৫'০০(বিয়াল্লিশ লক্ষ পঁচিশ হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা। |
| (২০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং ভবনের নীচতলা ও দোতলার মেরামত ও রক্ষণাবেক্ষনসহ উক্ত ভবনের জন্য ২টি বাথরুম নির্মাণকরণ। = | ৩,২৫,০০০'০০(তিন লক্ষ পঁচিশ হাজার)টাকা |
| (২১) | কচুক্ষেত পুরান বাজার আবাসিক এলাকার লালাসরাই স্কুল রোডের অসম্পূর্ণ রাস্তা পিসিসিকরণসহ পাকা ড্রেন নির্মাণকরণ । = | ৪,৩০,৭৬৪'০০(চারলক্ষ ত্রিশ হাজার সাতশত চৌষট্টি)টাকা |
| (২২) | কচুক্ষেত পুরাতন বাজার আবাসিক এলাকার সিবি-২৩৫ হইতে সিবি ২৩৯ এর সম্মুখের রাস্তার উত্তর প্রান্তে আরসিসি পাইপ লাইন স্হাপনকরণ । = | ২৭,৪২৯'০০(সাতাইশ হাজার চারশত উনত্রিশ)টাকা |
| (২৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের সব্জি বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ= | ৩৯,৪৪৯'০০(উনচল্লিশ হাজার চারশত উনপঞ্চাশ)টাকা |
| (২৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংকের মেরামত ও রক্ষণাবেক্ষন = | ৪২,৪০৪'০০(বিয়াল্লিশ হাজার চারশত চার)টাকা |
| (২৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের সম্মুখের মিরপুর রোড সংলগ্ন ৪(চার)টি= ব্লকের মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ । | ১,৩৬,৯৩৭'০০(এক লক্ষ ছত্রিশ হাজার নয়শত সাইত্রিশ)টাকা |
| (২৬) | মুসলিম মডার্ণ একাডেমীর মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ = | ১,০০,০০০'০০(এক লক্ষ)টাকা |
| (২৭) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ = | ৫০,০০০'০০(পঞ্চাশ হাজার)টাকা |
| (২৮) | ঢাকা সেনানিবাসের বিএএফ এলাকার বিভিন্ন স্হানে এঙ্গৈল, জি আই সিট ও ফ্লাটবার দ্বারা ডাস্টবিন তৈরী ও সরবরাহকরণ । = | ৩৬,৮১৫'০০(ছত্রিশ হাজার আটশত পনর)টাকা। |
| (২৯) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার বারিধারা সংযোগ সড়কে স্হাপিত= নিরাপত্তা বাতির পোলের গোড়া পাকা করাসহ মাটি ভরাটকরণ । | ৩২,৫৫৩'০০(বত্রিশ হাজার পাঁচশত তিপান্ন)টাকা |
| (৩০) | শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার রুমে পৃথক বৈদ্যুতিক লাইন ও টিউব লাইট স্হাপনকরণ । = | ৩৩,৪১৮'০০(তেত্রিশ হাজার চারশত আঠার)টাকা |
| (৩১) | ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ৩(তিন)টি জি আই পানির ট্যাংক বদল করিয়া নতুন ট্যাংক স্হাপনকরণ । = | ২১,৭৬২'০০(একুশ হাজার সাতশত বাষট্টি)টাকা |
| (৩২) | রজনীগন্ধা সুপার মার্কেটের বৈদ্যুতিক সাব-স্টেশনের জন্য ৫০০ এম পি আর টি পি সার্কিট ব্রেকার স্হাপনকরণ । = | ২৪,৪৩৬'০০(চব্বিশ হাজার চারশত ছত্রিশ)টাকা |
| (৩৩) | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় স্হাপিত ১ নং পাম্পের ১'৫ কিউসেক পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন টারবাইন পানির পাম্প মেরামত/ওভারহোলিংকরণ । = | ৪৩,৪৫০'০০(তেতাল্লিশ হাজার চারশত পঞ্চাশ)টাকা |
| (৩৪) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-বি/২ এর অভ্যন্তরীণ নষ্ট হইয়া যাওয়া বৈদ্যুতিক ওয়ারিং বদল করিয়া পুনঃস্হাপনকরণ । = | ১৬,৩৯০'০০(ষোল হাজার তিনশত নব্বই)টাকা |
| (৩৫) | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রায় ৩৫ বৎসর পূর্বের স্হাপিত অতি পুরাতন পানির পাইপ বদল করিয়া তদস্হলে নূতন পাইপ স্হাপনকরণ । = | সিডিউল- ৪,১৩,৭৯১'৬০টাকা<br>নন-সিডিউল- ৪৪,০০০'০০"<br>৪,৫৭,৭৯১'৬০<br>= চারলক্ষ সাতান্ন হাজার সাতশত একানব্বই টাকা ষাট পয়সা)টাকা। |

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী |
|---|---|---|---|
| (৩৬) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদের পয়ঃ নিস্কাশনের জন্য পাইপ ড্রেন নির্মাণ । | = | ৩৯,০০০'০০(ঊনচল্লিশ হাজার) টাকা |
| (৩৭) | মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ১ নং লেইন হইতে রেল লাইন বরাবর স্বাধীনতা সরণী(বনানী) এম পি চেক পোস্ট সংযোগ সড়ক নির্মাণ । | = | ৪০,১৬,০০০'০০(চল্লিশ লক্ষ ষোল হাজার)টাকা । |
| (৩৮) | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড (রোড নং-৬ হইতে ২ পর্যন্ত) মেরামত ও কার্পেটিংকরণ । | = | ৪,৫৩,৪০০'০০(চার লক্ষ তিপ্পান্ন হাজার চারশত)টাকা |
| (৩৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/এ নং প্লটের দোতলার উপর তৃতীয় তলা নির্মাণের সংশোধিত মূল্যানুমান। | = | ১৭,৭৭,৮৭৫'০০(সতের লক্ষ সাতাত্তর হাজার আটশত পনর) টাকা |
| (৪০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/এ নং প্লটের দোতলার উপর তৃতীয় তলা নির্মাণের সংশোধিত মূল্যানুমান । | = | ১৭,২০,৪৩০'০০(সতের লক্ষ বিশ হাজার চারশত ত্রিশ)টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পগুলির মূল্যানুমান ও সংশোধিত মূল্যানুমানের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্রমিক নং-১ হইতে ৩৮ পর্যন্ত মূল্যানুমানসহ ক্রমিক নং-৩৯ এবং ৪০ এর সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩০ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৪,৪৭,৩৬০'০০(চার লক্ষ সাতচল্লিশ হাজার তিনশত ষাট) টাকা | মেসার্স বিল্ডার্স করপোরেশন। | ৫'০৫%(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে। |
| (২) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্বে খাল/ক্যানেল খননকরণ। | = | ৫,৫৯,৫৬৫'০০(পাঁচ লক্ষ ঊনষাট হাজার পাঁচশত পঁয়ষট্টি)টাকা | মেসার্স চাষী কনষ্ট্রাকশন | ২৭'৫৫%(সাতাইশ দশমিক পঞ্চান্ন) উর্ধ্বে |
| (৩) | কচুক্ষেত পুরান বাজার আবাসিক এলাকার সিবি-২৩৫ হইতে ২৩৯ এর সম্মুখের রাস্তার উত্তর প্রান্তে আর সি সি পাইপ লাইন স্থাপনকরণ । | = | ২৭,৪২৯'০০(সাতাইশ হাজার চারশত ঊনত্রিশ) টাকা | মেসার্স মনি ট্রেডিং করপোরেশন | ১৮%(আঠার) উর্ধ্বে |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং-৩২ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৩,৬১,১০০'০০(তিন লক্ষ একষট্টি হাজার একশত) টাকা | মেসার্স বিল্ডার্স করপোরেশন । | ৫'০৫%(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৩১ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ৪,৪১,৮১১'০০(চার লক্ষ একচল্লিশ হাজার আটশত এগার)টাকা । | মেসার্স বিল্ডার্স করপোরেশন | ৫'০৫%(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকায় রোড নং-২৮ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ১,৯৪,৯৯৩'০০(এক লক্ষ চুরানব্বই হাজার নয়শত তিরানব্বই)টাকা | মেসার্স মনি ট্রেডিং করপোরেশন | ৩%(তিন)নিম্নে |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকায় রোড নং-২৭ মেরামতসহ কার্পেটিংকরণ । | = | ১,৭৩,৪০০'০০(এক লক্ষ তিয়াত্তর হাজার চারশত) টাকা | মেসার্স মনি ট্রেডিং করপোরেশন | ৪%(চার) নিম্নে |
| (৮) | মহাখালী ডিওএইচএস এলাকায় রোড নং-২৪,২৫ ও ২৬ মেরামতসহ কার্পেটিংকরণ। | = | ১,০১,৯২৬'০০(এক লক্ষ এক হাজার নয়শত ছাব্বিশ) টাকা। | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স ও মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স | ৫%(পাঁচ) নিম্নে |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং ২৭ হইতে ২৩ এর সংযোগ সড়ক মেরামত সহ কার্পেটিংকরণ। = | ২,৪৮,০৬৩.০০(দুই লক্ষ আটচল্লিশ হাজার তেষট্টি) টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ৫%(পাঁচ) নিম্নে |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকায় রোড নং ২৮ হইতে ৩১ এর সংযোগ সড়ক পুনঃসলিংকরণ । = | ২,৫১,৬৬৮.০০(দুই লক্ষ একান্ন হাজার ছয়শত আটষট্টি)টাকা | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ২৪%(চব্বিশ) উর্ধ্বে |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকায় ২৩টি পাকা = | ১,৭৫,৬৩৮.০০(একলক্ষ পঁচাত্তর হাজার ছয়শত আটত্রিশ)টাকা | মেসার্স মনি ট্রেডিং করপোরেশন | ৫%(পাঁচ) উর্ধ্বে |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকায় ১৬টি স্পীড ব্রেকার নির্মাণকরণ। = | ৫৮,৮৭৩.০০(আটান্ন হ হাজার আটশত তিয়াত্তর) টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ২৫%(পঁচিশ) উর্ধ্বে |
| (১৩) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ৩৮ৈ/ নং প্লটে মাটি ভরাটকরণ | ৭৬,৬২২.০০(ছিয়াত্তর হাজার ছয়শত বাইশ) টাকা | মেসার্স খান ট্রেডার্স | ২৪.৫০%(চব্বিশ দশমিক পঞ্চাশ) উর্ধ্বে । |
| (১৪) | মহাখালী ডিওএইচএস এলাকায় সি এস ডি= বিল্ডিংয়ের দোতলার উপর ডিওএইচএস এসোসিয়েশনের অফিস বিল্ডিং নির্মাণকরণ। | ৭,৮০,৮৩২.০০(সাত লক্ষ আশি হাজার আটশত বত্রিশ)টাকা | মেসার্স ইরা এন্টারপ্রাইজ | ০.০৭%(শুন্য দশমিক সাত) নিম্নে |
| (১৫) | ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের = ডাক্তারদের হাত ধোয়ার জন্য ষ্টীল সিংক তৈয়ারীকরণ । | ১৮,৬০০.০০(আঠার হাজার ছয়শত)টাকা (বাজার দর অনুযায়ী) | মেসার্স রেখা এন্টারপ্রাইজ | ১৮,৬০০.০০ (আঠার হাজার ছয়শত)টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লিখিত ক্রমিক নং-১ হইতে ১৫টি কাজের সর্বনিম্ন দর সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস(আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রাখিয়া ক্রমিক নং-২,৩,১০,১২,১৩ এবং ১৫ এর সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত কাজসমূহের সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বোর্ড সভায় অনুমোদিত সর্বনিম্ন দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক। ক্রমিক নং-৮ এ কাজের দুইটি ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স এবং মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স ৫%(পাঁচ) নিম্নে সর্বনিম্ন দর দাখিল করায় লটারীর মাধ্যমে প্রাপ্ত ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক উক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইবে ঃ-

(১) ৫.০৫%(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত ) দর অনুমোদিত
(২) ২০%(বিশ) উর্ধ্ব দর অনুমোদিত
(৩) ৫%(পাঁচ) উর্ধ্ব দর অনুমোদিত
(৪) ৫.০৫%.(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত
(৫) ৫.০৫%(পাঁচ দশমিক পাঁচ) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত ) দর অনুমোদিত
(৬) ৩%(তিন) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত )দর অনুমোদিত
(৭) ৪%(চার) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত
(৮) ৫%(পাঁচ) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত
(৯) ৫%(পাঁচ) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত
(১০) ২০%(বিশ) উর্ধ্ব দর অনুমোদিত
(১১) ৫%(পাঁচ) উর্ধ্ব দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত

(১২) ১৫%(পনর) উর্ধ্ব দর অনুমোদিত

(১৩) ২০%(বিশ) উর্ধ্ব দর অনুমোদিত

(১৪) ০'০৭%(শুন্য দশমিক সাত) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত

(১৫) ১৮,৬০০'০০(আঠার হাজার ছয়শত)টাকা অনুমোদিত ।

প্রস্তাব নং-২৬ঃ শহীদ সরণীর জলাবদ্ধতা দূরীকরণের জন্য কেন্দ্রীয় মসজিদের পশ্চিম পার্শ্বে পুকুর পাড় হইতে পশ্চিম দিকে সেনাপল্লী স্কুল পর্যন্ত পানি নিষ্কাশনের জন্য আর সি সি পাইপ ড্রেন স্থাপনের ৩,৭৩,১০০'০০(তিন লক্ষ তিয়াত্তর হাজার একশত)টাকার মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ৩,৭৩,১০০'০০(তিন লক্ষ তিয়াত্তর হাজার একশত)টাকা মূল্যানুমান অনুমোদন করা হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।মূল্যানুমান অনুমোদন প্রাপ্তির পর শহীদ সরণীর জলাবদ্ধতার কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স মনি ট্রেডিং করপোরেশন যদি তাহার পূর্বেকার অনুমোদিত (১৬%(ষোল) উর্ধ্বে এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫) দরে কাজ করিতে সম্মত থাকে তাহা হইলে উক্ত ঠিকাদারের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ দেওয়া হউক ।

প্রস্তাব নং-২৭ঃ সেনানিবাসের বিভিন্ন স্থান হইতে কর্তনকৃত ছোট-বড় ৬১টি গাছ বিক্রয়ের নিমিত্তে দরপত্র আহবান করা হয়।তন্মধ্যে মেসার্স হাবিব এন্ড সন্স কোং কর্তৃক সর্বোচ্চ ৩৩,৫০০'০০ (তেত্রিশ হাজার পাঁচশত)টাকার দর অনুমোদনকরণ।দরপত্রসমূহ সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থান হইতে কর্তনকৃত ছোট-বড় ৬১(একষট্টি)টি গাছ বিক্রয়ের নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স হাবিব এন্ড সন্স কোং এর সর্বোচ্চ ৩৩,৫০০/-(তেত্রিশ হাজার পাঁচশত)টাকার দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২৮ঃ বিএ-১৯৫১ মেজর শরীফ আলম এর স্ত্রী মরহুমা মিসেস দিলারা শরীফ এর কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল।সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-২৯ঃ বিএ-১৬৮৩ লেঃ কর্ণেল মোঃ সহিদুর রহমান,বি প্পি এর শশুর মরহুম এম এ গণি এর কবর চিহ্নিতকরণ (নামফলক স্থাপন) প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর চিহ্নিতকরণ (নামফলক স্থাপন) এর প্রস্তাব আপাতত স্থগিত রাখা হইল।সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩০ঃ মিসেস মরিয়ম বেগম স্বামী-মরহুম কর্ণেল মোশাররফুর রহমান খানের মেয়ের কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল।সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩১ঃ কর্ণেল এম এন ইসলাম,এএমসি(অবঃ) এর কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩২ঃ মেজর এ টি কে এম ইকবাল এর ছেলের কবর পাকাকরণ প্রসংগে বিষয়টি পুনরায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩৩ঃ মরহুম বিএ-৭৬৮ এস এম আমিন (অবঃ) এর কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩৪ঃ বিএসএস-১২৯৬ মেজর মুরতজা আল-মাহমুদ এর মেয়ের কবর পাকাকরণের নিমিত্তে ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সেবাসদর, কিউ এম জি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের প্রেরিত ১৪-২-৯৯ ইং তারিখের ৩৯০১/৪/ঢাকা/ইউ/এমকিউ-২ নং পত্রের প্রেক্ষিতে কবর পাকাকরণের ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হইল ।

প্রস্তাব নং-৩৫ঃ মরহুম লেঃ কমান্ডার কাজী আক্কাস উদ্দিন এর কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক।

প্রস্তাব নং-৩৬ঃ মেজর আবদুস সাত্তার (অবঃ) এর পিতা এবং মাতার কবর পাকাকরণ প্রসংগে আলোচনা সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩৭ঃ এস আ ই মজতবা, কমডোর বি এন সহকারী নৌ-প্রধান এর পিতার কবর পাকাকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে কবর পাকাকরণের প্রস্তাব আপাততঃ স্থগিত রাখা হইল। সিদ্ধান্তের জন্য বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হউক ।

প্রস্তাব নং-৩৮ঃ ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন ডিওএইচএস এবং বর্ধিত এলাকার বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত ২৯(ঊনত্রিশ)টি নকশা বিল্ডিং রুল'স অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশা পর্ষদ সভায় অবগতির জন্য উপস্থাপন করা হইল ঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল মোঃ শফিকুল ইসলাম ভূঁইয়া | ২৪৬ | জোয়ারসাহারা ডিওএইচএস | |
| (২) | মেজর তাহের আহমেদ | ২৬৪ | ,, | |
| (৩) | ব্রিগেডিয়ার ফজলে এলাহি আকবর | ৩০৫ | ,, | |
| (৪) | লেঃ কর্ণেল মাহবুব-উল-আলম | ৫৩০ | ,, | |
| (৫) | মেজর আওরঙ্গজেব আহমেদ (অবঃ) | ৩৩৮ | ,, | |
| (৬) | ব্রিগেডিয়ার মোঃ জাকির হোসেন, পিএসসি | ১২৮ | ,, | |
| (৭) | ব্রিগেডিয়ার শাহ মোঃ মহিউদ্দিন | ১২৯ | ,, | |
| (৮) | লেঃ কর্ণেল আনিসুর রহমান | ৪৬১ | ,, | |
| (৯) | কর্ণেল মহিবুর রহমান, পিএসসি | ২৮৩ | ,, | |
| (১০) | লেঃ কর্ণেল মোঃ মোবারক হোসেন | ১৮১ | ,, | |
| (১১) | লেঃ কর্ণেল এ কে এম আজিজুর রহমান | ৪৩৮ | ,, | (সংশোধিত) |
| (১২) | লেঃ কর্ণেল নাসির আহমেদ | ৪৮৯ | ,, | -ঐ- |
| (১৩) | লেঃ কর্ণেল এস এম মোস্তফা | ৩১৬ | ,, | -ঐ- |
| (১৪) | বেগম ওয়াহিদা ওয়াসি উদ্দিন | ১৯২/এ | মহাখালী ডিওএইচএস | |
| (১৫) | মিসেস ফরিদা বেগম | ২৭৭ | ,, | -ঐ- |
| (১৬) | জনাব মোঃ আলতাফ হোসেন | ২৩৪ | ,, | -ঐ- |
| (১৭) | লেঃজেনারেল মোহাম্মদ নূরউদ্দিন খাঁন পিএসসি(অবঃ) | ২০০ | ,, | -ঐ- |
| (১৮) | বেগম আজিমুন নাহার শমসের | ৪৭৯ | ,, | -ঐ- |
| (১৯) | বেগম জেবুন্নেছা মাহবুব এবং তাহার পুত্র-কন্যাগণ | ৩৮৪ | ,, | -ঐ- |
| (২০) | জনাব মোঃ মাহমুদুর রহমান | ৮৭/এ | বনানী ডিওএইচএস | -ঐ- |
| (২১) | বেগম শামছুন নাহার রশীদ গং | ২৩ | ,, | -ঐ- |
| (২২) | মেজর জেনারেল আব্দুল হাফিজ মল্লিক পিএসসি | ১০৩ | ,, | -ঐ- |
| (২৩) | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ) | ৩২ | ,, | -ঐ- |
| (২৪) | মিসেস আয়েশা ইসলাম চৌধুরী | ১১/এ | ,, | -ঐ- |
| (২৫) | মিসেস আয়েশা ইসলাম চৌধুরী | ১২/সি | ,, | -ঐ- |
| (২৬) | শেখ রুহুল আমিন গং | ১০৮,১২৬(আংশিক) | লালাসরাই, ঢাকা ক্যান্টনমেন্ট | |
| (২৭) | মিসেস হাসিনা কামাল গং | ১০৮,১২৬(আংশিক) | ,, | |
| (২৮) | জনাব মোঃ আজমাতুল হক গং | ১৫০,১৫১(আংশিক) | ,, | |
| (২৯) | হাজী মোঃ মজিবুল হক ও মিসেস সেতারা বেগম | ১৫০(আংশিক) | ,, | -ঐ- |

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৩৯ঃ ৩১-০৭-৯৭ইং তারিখের ২৮ নং বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে ফেব্রুয়ারি'৯৯ইং মাসের ঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাপ্ত আবেদনপত্রগুলির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । আবেদনপত্রের তালিকা উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। বোর্ড সভার ৩১-০৭৯১৭ইং তারিখের ২৮ নং সিদ্ধান্তের আলোকে বৎসরে ২(দুই) বার ফেব্রুয়ারি ও আগষ্ট মাসে ৫(পাঁচ) জন করিয়া ঠিকাদার তালিকাভুক্ত করা হয়। এখানে উল্লেখ্য যে, গত ফেব্রুয়ারি মাসে কোন বোর্ড সভা অনুষ্ঠিত না হওয়ায় উক্ত মাসের নির্ধারিত ঠিকাদার তালিকাভুক্তকরণের বিষয়টি বর্তমান সভায় সিদ্ধান্তের জন্য ৩১(একত্রিশ)টি আবেদনপত্র উপস্থাপন করা হয়। ইহার প্রেক্ষিতে নিম্নোক্ত ৫(পাঁচ)টি প্রতিষ্ঠান/ফার্মকে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(১) মেসার্স মুনির ট্রেডার্স
প্রোঃ- সৈয়দ মুনিরুজ্জামান
মমতাজ প্লাজা, ৬ষ্ঠ তলা, হাউজ নং-৭
রোড নং-৪, ধানমন্ডি, ঢাকা ।

(২) মেসার্স শেলী এন্টারপ্রাইজ
প্রোঃ-জনাব মোঃ আঃ সবুর
৯৩, নর্থখাল ব্যাংক রোড (গল্লামারী)
খুলনা ।

(৩) মেসার্স মিলন এন্টারপ্রাইজ
প্রোঃ-জনাব মোঃ আবদুল মান্নান মিলন
৩২/১, কচুক্ষেত পুরান বাজার
ঢাকা সেনানিবাস ।

(৪) মেসার্স এম আর এন্টারপ্রাইজ
প্রোঃ-জনাব মোখলেছুর রহমান (বুলবুল)
বাসা নং-৮০, রোড নং-৬
ব্লক -এ, মিরপুর-১২
ঢাকা ।

(৫) মেসার্স জাজ ট্রেড ইন্টারন্যাশনাল
প্রোঃ-জনাব মোঃ আলী আজগর
২২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

প্রস্তাব নং-৪০ঃ বিবিধ

(ক) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২২-০২-৯১ইং তারিখের ১৭/এমএলএন্ডসি/পিএক/৮৬/৭৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্রটি বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

(খ) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের স্টাফ নার্স বেগম সক্রিতা রায় এর চাকরির মেয়াদকাল আগামী ১৫-০৩-৯১ইং তারিখে শেষ হইবে। উক্ত প্রেক্ষিতে তাহার চাকরি নিয়মিতকরণ সম্পর্কে চীফ মেডিক্যাল অফিসারের ০৭-০৩-৯১ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্র উপস্থাপন করা হইল ।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেলেক্স ফটোকপিয়ার মেশিনের যন্ত্রাংশ পরিবর্তনসহ মেরামতের জন্য গত ৮-০৩-৯১ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং ৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ফলকুইক এন্টারপ্রাইজ, ৫৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত ২৪,০০০/-(চব্বিশ হাজার)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ। দরপত্রসমূহ সভায় উপস্থাপন করা হইল ।

(ঘ) ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সংস্কার ও মেরামতসহ ঈদগাহ মাঠের উন্নয়নমূলক কাজের ৩৪,৩৭,৯৬৩'০০(চৌত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার নয়শত তেষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ ।

(ঙ) সিগন্যাল গেইট হইতে বি এ এফ কুর্মিটোলা সার্ গার্ডরুম পর্যন্ত রাস্তার মাঝে স্টেশন সদর দপ্তর পুকুরের দক্ষিণ-পূর্ব কর্ণারে বক্স কালভার্ট সম্প্রসারণের ৩৭,২০০/- (সাইত্রিশ হাজার দুইশত)টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এই প্রসংগে বিমান বাহিনী ঘাঁটি বাশার,ঢাকা সেনানিবাসের ১৩-০১-৯৯ইং তারিখের বাশার/২৮০৮/১/পূর্ত/খন্ড-৬/৮৬ নং পত্র উপস্থাপন করা হইল ।

(চ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোডের উত্তর ও দক্ষিণ প্রান্তে ২টি গার্ডরুম নির্মাণকরণ । | = ১,৫২,৫৯৮'০০টাকা (এক লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত আটানব্বই)টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ১৪'৭৭%(চৌদ্দ দশমিক সাতাত্তর উর্ধ্বে |
| (২) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের মসজিদ সংলগ্ন ৫ নং লেনের সলিং রাস্তা বর্ধিতকরণ । | = ১,৯৬,৫৮০'০০টাকা (এক লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত আশি)টাকা | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১২'৮৭%(বার দশমিক সাতাশি) উর্ধ্বে |
| (৩) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ১১ নং লেন হইতে ১২ নং লেন পর্যন্ত সীমানা দেওয়ালের নীচের ফাঁকা অংশ বন্ধকরণ(প্যালাসাইডিংয়ের সাহায্যে) । | = ১৫,৭৮১'০০টাকা পনর হাজার সাতশত একাশিটাকা । | মেসার্স আরতী এন্ড কোং | ২১'২৫%(একুশ দশমিক পঁচিশ) উর্ধ্বে । |

(ছ) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯৯৮-৯৯ আর্থিক সালের সহায়ক অনুদান বরাদ্দ বিষয়ক ০৯-০৩-৯৯ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১৭ নং পত্রটি অবলোকনের জন্য উপস্থাপন করা হইল ।

(জ) ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বরের হকার্স কর্ণারের উত্তর দিকে ওয়াসা দেওয়াল বরাবর মার্কেটের জলাবদ্ধতা দূরীকরণের জন্য আর সি সি পাইপ ড্রেন নির্মাণের নিমিত্তে ৫,৯৯,৯৩৫'০০(পাঁচ লক্ষ নিরানব্বই হাজার নয়শত পঁয়ত্রিশ)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ ।

(ঝ) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের বারান্দায় এবং ও'টির ভিতরে থাই এলুমিনিয়ামের দরজা ও জানালা স্থাপনের জন্য (এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী) ১,৭২,৩০১/-(এক লক্ষ বাহাত্তর হাজার তিনশত এক) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(ঞ) ঢাকা ক্যান্টনমেন্ট ~~বর~~ স্থানের নিরাপত্তা বাতির লাইন বদল ও সংস্কারকরণের নিমিত্তে ৫৮,৯০৫'৯০(আটান্ন হাজার নয়শত পাঁচ টাকা নব্বই পয়সা) টাকার (এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী) মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ (ক) প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী প্রকৌশলী জনাব মোঃ আলম খানের ২৪-০১-৯৯ইং তারিখের আবেদনমূলে তাঁহাকে ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ারের দায়িত্ব প্রদানের বিষয়টি আপাততঃ বিবেচনা করা গেল না। প্রসঙ্গক্রমে গত ১৯-০৮-৯৫ইং তারিখের বোর্ড সভার ১৪ নং সিদ্ধান্ত এবং ১২-০১-৯৮ইং তারিখের বোর্ড সভার ৩১-বিবিধ ৫ক নং সিদ্ধান্তের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হইল। আলোচনায় প্রতীয়মান হয় যে, বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্ত উন্নয়নমূলক কার্যাদি অতীতের তুলনায় বহুলাংশে বৃদ্ধি পাইয়াছে। কিন্তু সেই অনুপাতে বোর্ডের প্রকৌশল শাখার কারিগরী জনবল বৃদ্ধি করা হয় নাই। ফলে বোর্ডের পূর্ত ও উন্নয়নমূলক কার্যাদির গুণগতমান নিশ্চিত করায় প্রায়শঃ সমস্যা দেখা দেয়। ইহার প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৃহত্তর স্বার্থে ৬১৫০-২২৫x১৬-৯৭৫০ টাকা বেতনক্রমে পুরকৌশল স্নাতক ডিগ্রীধারী একজন সহকারী নির্বাহী প্রকৌশলী ( Assistant Executive Engineer ) জরুরী ভিত্তিতে নিয়োগকল্পে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

(খ) সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের চীফ মেডিক্যাল অফিসারের সুপারিশের প্রেক্ষিতে মিসেস সঞ্চিতা রায়, স্টাফ নার্স এর চাকরির অবেক্ষকাল সমাপ্তির পর তাহার চাকরি নিয়মিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেলেক্ট ফটোকপিয়ার মেশিন মেরামতকরণের জন্য কলকুইক এন্টারপ্রাইজ, ৫৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।

(ঘ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সংস্কার ও মেরামতসহ ঈদগাহ মাঠের উন্নয়নমূলক কাজের জন্য ৩৪,৩৭,৯৬৩.০০(চৌত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার নয়শত তেষট্টি) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল এবং সেই সঙ্গে উক্ত মসজিদের দোতলা সম্প্রসারণ কাজ না করারও সিদ্ধান্ত গৃহীত হইল। মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(ঙ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সিগন্যাল গেইট হইতে বি এ এফ কুর্মিটোলা সাব গার্ডরুম পর্যন্ত রাস্তার মাঝে স্টেশন সদর দপ্তরের পুকুরের দক্ষিণ-পূর্ব কর্ণারে বক্স কালভার্ট সম্প্রসারণের ৩৭,২০০/-(সাইত্রিশ হাজার দুইশত) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত রাস্তার মেরামত ও কার্পেটিং কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স তাহের এন্টারপ্রাইজ তাহার পূর্ব অনুমোদিত ১৫%(পনর) ঊর্ধ্বে এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং) দরে কাজ করিতে সম্মত থাকিলে তাহার নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কাজটি সম্পন্ন করা হউক।

(চ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উল্লিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হইল। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লিখিত ক্রমিক নং-১ হইতে ৩টি কাজের সর্বনিম্ন দর সি এস ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী

সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রাখিয়া ক্রমিক নং-১,২,৩ এর সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত কাজসমূহের সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বোর্ড সভায় অনুমোদিত সর্বনিম্ন দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক ।

(১) ১৪.৭৭% (চৌদ্দ দশমিক সাতাত্তর) উর্দ্ধ দর অনুমোদিত।
(২) ১২.৮৭%(বার দশমিক সাতাশি) উর্দ্ধ দর অনুমোদিত
(৩) ২০%(বিশ) উর্দ্ধ দর অনুমোদিত।

(ছ) সহায়ক অনুদান বরাদ্দের পত্রটি অবলোকন করা গেল ।

(জ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সংশ্লিষ্ট এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য আর সি সি পাইপ ড্রেন নির্মাণের নিমিত্তে ৫,৯৯,৯৩৫.০০(পাঁচ লক্ষ নিরানব্বই হাজার নয়শত পঁয়ত্রিশ)টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক । আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক মূল্যানুমানটি অনুমোদনের পর কাজটি জরুরী বিধায় স্বাধীনতা চত্বর নির্মাণের নিয়োজিত বর্তমান ঠিকাদার রেজা কনষ্ট্রাকশন লিঃ তাহার পূর্ব দরে (৭.৪৯% উর্দ্ধহারে) উক্ত পাইপ ড্রেন নির্মাণ করিতে সম্মত থাকিলে তাহাকে কার্যাদেশ দেওয়া হউক ।

(ঝ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের বারান্দায় এবং ও'টির ভিতরে থাই এলুমিনিয়াম এর দরজা জানালা স্থাপনের ১,৭২,৩০১/-(এক লক্ষ বাহাত্তর হাজার তিনশত এক)টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক । আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত কাজের ব্যয় ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের এম ও ফি তহবিল হইতে সংকুলান করিতে হইবে ।

(ঞ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট কবরস্থানের নিরাপত্তা বাতির লাইন বদল ও সংস্কারকরণের জন্য (এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং) ৫৮,৯০৫.৯০(আটান্ন হাজার নয়শত পাঁচ টাকা নব্বই পয়সা) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল ।

৩০/৩/৯৯

( শফিক আলম মেহেদী )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস ।